# দৈনন্দিন জীবনে ইসলাম [যাকাত অধ্যায়]

বিভাগ/অধ্যায়ঃ যাকাত পরিচিতি

রচয়িতা/সঙ্কলকঃ শরীফুল ইসলাম বিন যয়নুল আবেদীন

(১৫) যাকাত মানুষকে অর্থনৈতিক পাপ থেকে রক্ষা করে

(১৫) যাকাত মানুষকে অর্থনৈতিক পাপ থেকে রক্ষা করে : যাকাতের অর্থনৈতিক ও সামাজিক উদ্দেশ্য হচ্ছে দারিদ্র বিমোচন ও কর্মসংস্থান সৃষ্টি। দারিদ্র মানবতার সবচেয়ে বড় দুশমন। ক্ষেত্রবিশেষে তা কুফরী পর্যন্ত নিয়ে যেতে পারে। যেকোন সমাজ ও অর্থনীতির জন্য দারিদ্র্যের বিস্তার রোধ সবচেয়ে জটিল ও কঠিন সমস্যা। সমাজে ব্যাপক হতাশা ও বঞ্চনার অনুভূতি সৃষ্টি হয় দারিদ্র্যের ফলে। পরিণামে দেখা দেয় মারাত্মক সামাজিক সংঘাত। অধিকাংশ সামাজিক অপরাধও ঘটে দারিদ্র্যের জন্য। চুরি, ডাকাতিসহ অর্থ সম্পর্কিত বিভিন্ন পাপে জড়িয়ে পড়ে দারিদ্র্যের কারণেই। আর এ সকল পাপের প্রতিবিধানের জন্য যাকাত ইসলামের অন্যতম মুখ্য হাতিয়ার হিসাবে ব্যবহৃত হয়ে আসছে ইসলামের সেই সোনালী যুগ হতে। বস্ত্ততঃ যাকাতের সম্পদের পরিকল্পিত ব্যবহারের ফলে সমাজের নিম্নবিত্ত ও দরিদ্রদের জীবনে অর্থনৈতিক নিরাপত্তা ও কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হয়। গড়ে ওঠে এক সামাজিক নিরাপত্তা বেষ্টনী। দূরীভূত হয় সমাজ থেকে অর্থনৈতিক পাপাচার। সমাজে নেমে আসে আনাবিল শান্তি।

Source — https://www.hadithbd.com/books/link/?id=3273

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন